তারিখ ..24 SEP 2016.....
পৃষ্ঠা ....... কলাম.........

যুগান্তর

মেরিটাইম ইউনিভার্সিটি

# স্নাতক প্রোগ্রামে ভর্তি পরীক্ষা ১ নভেম্বর

যুগান্তর রিপোর্ট

দেশের বিশেষায়িত একমাত্র মেরিটাইম ইউনিভার্সিটি 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনির্ভাসিটি' প্রথমবারের মতো স্নাতক (সম্মান) প্রোগ্রাম চালু করতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ওশানোগ্রাফি বিষয়ে প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা ১ নভেম্বর সকাল ১০টায় অনুষ্ঠিত হবে। এজন্য ১৮ অক্টোবর পর্যন্ত অনলাইনে আবেদনপত্র জমা দেয়া যাবে। ভর্তি প্রক্রিয়ার যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ¶¶.নংসৎঁ.বফঁ.নফ এ পাওয়া যাবে। ২০১৫ ও ২০১৬ শিক্ষাবর্ষে শুধু বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ চার পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। এইচএসসির বর্তমান সিলেবাস অনুসারে শিক্ষার্থীদের পদার্থ, .রসায়ন, গণিত, জীববিজ্ঞান ও ইংরেজি বিষয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।